

দুর্নীতিমুক্ত সমাজ গড়তে জুলাই আন্দোলনের চেতনা আবশ্যক: রুয়েট উপাচার্য

নিজস্ব সংবাদদাতা, রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২০:৫৪, ১৫ জুলাই ২০২৫



'গত দেড় দশক ধরে আমরা দেখেছি, কথা বলতে না দেয়ার সংস্কৃতি। ছাত্র-জনতার ক্ষেত্রকে সংগঠিত করা সম্ভব না হওয়ায় কর্তৃত্ববাদী সরকারকে সরানো সম্ভব হচ্ছিলো না। ক্ষেত্রগুলোকে সংগঠিত করার জন্য নেতৃত্বের যে দরকার ছিল, ছাত্র-জনতার আন্দোলনের মধ্য দিয়ে তা পূরণ হয়েছে। তাদের বীরত্বের মাধ্যমেই আমরা অর্জন করেছি এই বিজয়। দুর্নীতিমুক্ত ও বৈষম্যহীন সমাজ গড়তে জুলাই আন্দোলনের যে চেতনা ও উদ্দেশ্য ছিল তা ধারণ করতে হবে।' আজ মঙ্গলবার (১৫ জুলাই) রাতে হল রুমে আয়োজিত 'জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজজাক।

এসময় তিনি আরও বলেন, "আন্দোলন হলেই বিজয় আসে না। ফ্রান্স বিপ্লবের নেতা নেপোলিয়ান বোনাপাট বলেছিলেন, খারাপ মানুষদের জন্য পৃথিবীকে যতটা না ভুগতে হয়েছে তার চাইতে বেশি ভুগতে হয়েছে যারা অন্যায় দেখেও চুপ থেকেছে। খারাপ কোন শাসকগোষ্ঠী যখন কোন দেশের ওপর চেপে বসে, তারা যখন অন্যায় নিপীড়ন চালাতে থাকেন, তাদের কারণের চাইতে আমরা যাদেরকে ভালো মানুষ বলে মনে করি তারা প্রতিবাদী না হয়ে ওঠার কারণে নিপীড়করা আরও বেয়াড়া হয়ে ওঠে।"

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন 'জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ' আয়োজক কমিটির সভাপতি ও ছাত্র কল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম সরকার। এসময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন যন্ত্রকৌশল অনুষ্ঠানের উদ্বোধন অধ্যাপক ড. মো. নুরুল ইসলাম, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষ্ঠানের উদ্বোধন অধ্যাপক ড. বশির আহমেদ, ফলিত বিজ্ঞান ও মানবিক অনুষ্ঠানের উদ্বোধন অধ্যাপক ড. মো. আব্দুল কাদের জিলানী ও পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের পরিচালক অধ্যাপক ড. এইচ এম রাসেল সহ জুলাই আন্দোলনে অংশগ্রহণকারী শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আরিফ আহমদ চৌধুরী সহ বিভিন্ন অনুষ্ঠানের উদ্বোধন সকল পরিচালক, বিভাগীয় প্রধান, দপ্তর ও শাখা প্রধানগণ সহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

এর আগে বেলা সাড়ে ১০ টায় প্রশাসনিক ভবন প্রাঙ্গনে 'জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ' শীর্ষক অনুষ্ঠানের উদ্বোধন করেন রংয়েট উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজজাক। এরপর জুলাই আন্দোলনের আলোকচিত্র প্রদর্শনী ও ২৪ জুলাই গণহত্যা বিষয়ক তথ্যচিত্র প্রদর্শন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যের শুরুতে তিনি জুলাই আন্দোলনে শহীদদের আত্মার মাগফেরাত কামনা সহ আন্দোলনে আহত ও অংশগ্রহণকারীদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন।

প্রসঙ্গত, আগামী বৃহস্পতিবার (১৭ জুলাই) অনুষ্ঠানের দ্বিতীয় দিনে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে আয়োজিত কর্মসূচির মধ্যে রয়েছে বেলা ১১ টায় পবিত্র কোরআন তেলওয়াত, সোয়া ১১ টায় জুলাই ২৪ গণঅভ্যর্থনার স্মরণে অতিথিবৃন্দ, শিক্ষকমণ্ডলী এবং শিক্ষার্থীদের স্মৃতিচারণ (জুলাই গল্ল বলা) ও জুলাই ২৪-এ আহত যোদ্ধাদের শিক্ষা সহায়তা প্রদান।